

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড বরিশাল

www.barisalboard.gov.bd

একই স্মারক ও তারিখ বহাল রেখে সংশোধিত পত্র

স্মারক নং-বশিবো/কলেজ/অনুঃ/২০১৪/৮৩৮৯

তারিখঃ ২৮/১০/২০১৪ খ্রিঃ।

বিষয় : স্বীকৃতির মেয়াদ বৃদ্ধি।

সূত্র : অধ্যক্ষের ২৯/০৬/২০১৪ ইং তারিখের স্মারক নং- মি ক/২১/২০১৪ এর আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্র মোতাবেক চেয়ারম্যান মহোদয়ের ১৯/১০/২০১৪ তারিখের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, নিম্নবর্ণিত শর্তাবলী পূরণ সাপেক্ষে মিরুখালী কলেজ, ডাকঘর : মিরুখালী, উপজেলা : মঠবাড়িয়া, জেলা : পিরোজপুর-এর উচ্চ মাধ্যমিক পর্যায়ে নিম্নবর্ণিত শাখা ও বিষয়সমূহের স্বীকৃতির মেয়াদ ০১/০৭/২০১৪ হতে ৩০/০৬/২০১৫ তারিখ পর্যন্ত ০১ (এক) বছরের জন্য বৃদ্ধি করা হলো। ভবিষ্যতে যাতে ফলাফল বিপর্যয় না ঘটে এবং সকল বিষয়ে কাম্য সংখ্যক শিক্ষার্থী ভর্তি হয় সে ব্যাপারে সতর্ক করা হলো।

স্বীকৃতির সময়সীমা ৩০/০৬/২০১৫ তারিখ অতিক্রান্ত হবার পর পুনরায় স্বীকৃতি নবায়ন না করা হলে উক্ত স্বীকৃতি স্বয়ংক্রিয় ভাবে বাতিল বলে গণ্য হবে এবং উচ্চ মাধ্যমিক পর্যায়ে উক্ত বিষয়সমূহের পরীক্ষা সংক্রান্ত যাবতীয় কার্যাবলী পরিচালনা থেকে বারিত হবে।

শাখা ও বিষয়ঃ

- ০১। আবশ্যিক বিষয় : বাংলা, ইংরেজি এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (সকল শাখার জন্য)।
- ০২। নৈর্বাচনিক বিষয় :
(ক) মানবিক শাখা : পৌরনীতি ও সুশাসন, ইতিহাস, ইসলামের ইতিহাস, ইসলাম শিক্ষা, যুক্তিবিদ্যা, সমাজ কল্যাণ এবং সমাজ বিজ্ঞান।
- (খ) ব্যবসায় শাখা : হিসাব বিজ্ঞান, ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা এবং সাচিবিক বিদ্যা ও অফিস ব্যবস্থাপনা।

শর্তাবলী

- ০১। প্রতি শিক্ষা বর্ষে প্রতি বিষয়ে ন্যূনতম ২৫ (পঁচিশ) জন করে ছাত্র-ছাত্রী ভর্তি করতে হবে
- ০২। কলেজের শিক্ষার মান উন্নত করতে হবে এবং পাবলিক পরীক্ষায় পাসের হার আরও উন্নীত করতে হবে
- ০৩। জনবল কাঠামোর অতিরিক্ত শিক্ষক/কর্মচারী নিয়োগ করে বেতনের সরকারি অংশ উত্তোলন করা যাবে না
- ০৪। কলেজের ভবন ও আসবাবপত্র বৃদ্ধি করাসহ প্রয়োজনীয় যন্ত্রপাতি ক্রয় করতে হবে
- ০৫। টিউটোরিয়াল ক্লাস ও পরীক্ষার ব্যবস্থা করতে হবে এবং এর লিখিত রেকর্ডপত্র সংরক্ষণ করতে হবে
- ০৬। গ্রন্থাগারে পাঠ্যপুস্তক ও সাহায্যকারী পুস্তক-এর সংখ্যা বাড়াতে হবে
- ০৭। জরুরী ভিত্তিতে বাৎসরিক ক্লাশ রুটিন নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে দাখিল করতে হবে
- ০৮। সর্বশেষ বিধি মোতাবেক শিক্ষক-কর্মচারীদের কলেজে উপস্থিতি নিশ্চিত করতে হবে
- ০৯। শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ কর্তৃক যে কোন সময়ে কলেজটি আকস্মিক পরিদর্শনের নিমিত্তে প্রস্তুত থাকতে হবে
- ১০। ব্যবহারিক ক্লাস ও ক্লাসে শিক্ষার্থীদের হাজিরা নিশ্চিত করতে হবে

ড. মোঃ লিয়াকত হোসেন # ৯৫১১

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, বরিশাল

ফোনঃ ০৪৩১-৬৪৭৪৫।

অধ্যক্ষ

মিরুখালী কলেজ

ডাক : মিরুখালী, উপজেলা : মঠবাড়িয়া, জেলা : পিরোজপুর।

অবগতি ও কার্যার্থে তিবরণ

- ০১। মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা
- ০২। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার কেন্দ্র, শিক্ষা বোর্ড, বরিশাল
- ০৩। একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, বরিশাল।
- ০৩। সংরক্ষণ কপি